~~২৫৮~~ ৪৬

তারিখ 02 NOV 1995
পৃষ্ঠা ৬ কলাম ২

আজকের কাগজ

## সখীপুর মুজিব কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের চিঠি নিয়ে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী ২১ জন ছাত্রের ফল বেরোয়নি

টাঙ্গাইলের সখীপুর মুজিব কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের চিরকুট নিয়ে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী ২১ জন পরীক্ষার্থীর ফল বেরোয়নি। উক্ত ২১ জন পরীক্ষার্থী টাঙ্গাইল জেলার মুজিব কলেজের ছাত্র। জানা গেছে, বোর্ড কর্তৃপক্ষ উক্ত ২১ জনের নামে প্রবেশপত্র প্রদান না করলেও মুজিব কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ বেলায়েত হোসেনের লিখিত অনুমতি পত্র নিয়ে তারা পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পায়। এদিকে, ফল না বেরোনোর আশংকায় ভারপ্রাপ্ত অধ্যক্ষ বেলায়েত হোসেনসহ কলেজের কেরানী শাহজাহান ২০ অক্টোবর থেকে উধাও। উক্ত ২১ জন পরীক্ষার্থীর ফলাফল অপ্রকাশিত থাকার কারণে সখীপুরে উত্তেজনা বিরাজ করছে। জানা যায়, ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও কেরানী এরা দু'জনই ফলাফল আনার জন্যে ঢাকায় গিয়ে ফিরে আসেনি। কাউকে দায়িত্ব না দিয়ে যাওয়ায় কলেজ প্রশাসন কার্যত অচল হয়ে পড়েছে। জানা গেছে, ঢাকা থেকে কলেজের জনৈক শিক্ষকের নামে দায়িত্বভার গ্রহণের জন্যে চিঠি এসেছে। কিন্তু উক্ত শিক্ষক দায়িত্ব গ্রহণে অনিচ্ছা প্রকাশ করেছেন বলে জানা গেছে। সখীপুর থেকে শাকিল আনোয়ার।